

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা- ১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.৪১.১৮.০০১.১৭-৪৪৯

তারিখঃ ০৬/০২/২০১৮ খ্রিঃ


বিষয়ঃ "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" প্রকল্পের কাজের গুণগত মান নিশ্চিতকরণে অবশ্য পালনীয় নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আওতায় "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের নির্ধারিত প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে সকল উপজেলায় কার্যাদেশ প্রদানের জন্য অনুমোদন প্রদান করা হয়েছে।

০২. প্রকল্পের কাজের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে অবশ্য পালনীয় নির্দেশনা প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশনাসমূহ কাজের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে এতৎসঙ্গে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতি গুরুত্বপূর্ণ।

সংযুক্তঃ নির্দেশনা- ০১ (এক) পাতা


(মোঃ ইউছুফ আলী)
(যুগ্ম-সচিব)
প্রকল্প পরিচালক (অতিঃদাঃ)
'হেরিং বোন বন্ড (এইচবিবি) প্রকল্প'
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

প্রাপকঃ ১। উপজেলা নির্বাহী অফিসার,


২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.৪১.১৮.০০১.১৭-৪৪৯


তারিখঃ ০৬/০২/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, জেলাঃ
- ৪। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলাঃ, জেলাঃ
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, জেলাঃ
- ৭। সংরক্ষণ নথি।


(মোঃ জিয়াউর রহমান খান)
উপ-প্রকল্প পরিচালক
"হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

"গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" প্রকল্পের কাজের গুণগত মান নিশ্চিতকরণে অবশ্য পালনীয় নির্দেশনাঃ

আইটেম নং	বিবরণ	নির্দেশনা
০১	মাটি ভরাট করণ	<ul style="list-style-type: none"> রাস্তার পার্শ্বচালের আগাছা/জঙ্গল ভালমত পরিষ্কার করতে হবে। ১৫০ মিমি (৬ ইঞ্চি) স্তরে স্তরে মাটি ভরাট করে সঠিকভাবে দৃঢ়করণ (compaction) করতে হবে। রাস্তার পার্শ্বচাল (side slope) অবশ্যই ১:৫-২.০ অনুপাতে নির্মাণ করতে হবে।
০২	ঘাসের চাপড়া লাগানো	<ul style="list-style-type: none"> পার্শ্বচালের কাজ সম্পন্ন করার পর কমপক্ষে ২২৫ মিমি x ২২৫ মিমি (৯ ইঞ্চি x ৯ ইঞ্চি) আকারের ভালমানের ঘাসের চাপড়া শোন্ডার ও পার্শ্বচালে সঠিকভাবে লাগাতে হবে। ঘাসের চাপড়া লাগানোর পূর্বে পার্শ্বচালে পরিমিত পানি ছিটিয়ে মাটিকে ঘাস জন্মানোর উপযোগী করতে হবে। ঘাস ভালমতো না জন্মানো পর্যন্ত ঘাসের চাপড়ায় পানি দিতে হবে। ঘাস সঠিকভাবে না জন্মানো পর্যন্ত কোন ভাবেই চূড়ান্ত বিল প্রদান করা যাবে না।
০৩	বেড প্রস্তুতকরণ	<ul style="list-style-type: none"> বক্স কাটার পর প্রয়োজনীয় স্থানে মাটি ভরাট করে ম্যানুয়াল কম্প্যাকশনের (দুরমুজ) মাধ্যমে রাস্তার ক্যাঙ্চার (camber), উভয় পার্শ্বের সোন্ডার (1.5 Feet x 2) এবং প্রয়োজনীয় স্থানে সুপার এলিভেশন প্রস্তুত করতে হবে। কম্প্যাকশনের সময় পরিমিত পরিমান পানি ব্যবহার করতে হবে।
০৪	বক্স কাটিং	<ul style="list-style-type: none"> ৩০০ মিমি (১২ ইঞ্চি) গভীরতার বক্স কাটতে হবে। বক্স কাটার সময় রাস্তার এলাইনমেন্ট যথাসম্ভব সোজা রাখতে হবে। বক্স কাটার পর মাটি ভরাট করে ম্যানুয়াল কম্প্যাকশনের মাধ্যমে রাস্তার ক্যাঙ্চার (camber) এবং প্রয়োজনীয় স্থানে সুপার এলিভেশন প্রস্তুত করতে হবে। কম্প্যাকশনের সময় পরিমিত পরিমান পানি ব্যবহার করতে হবে।
০৫	ক্যাঙ্চারিং	<ul style="list-style-type: none"> বক্স কাটিং ও বেড প্রস্তুত করার সময় লক্ষ্য রাখতে হবে যেন রাস্তার তলদেশে ক্যাঙ্চারিং যথাযথ ভাবে সম্পন্ন করা হয়। অন্যথায় বালি ভরাট করে ক্যাঙ্চারিং করা হলে তা কোন এক সময় তলদেশের সমান হয়ে যাবে এবং বৃষ্টির পানি আটকা পড়বে। 
০৬	বালু ভরাটকরণ	<ul style="list-style-type: none"> অবশ্যই ১৫০ মিমি (৬ ইঞ্চি) স্তরে (0.50 FM) বালু দ্বারা ভরাট করতে হবে। ম্যানুয়াল কম্প্যাকশনের মাধ্যমে রাস্তার ক্যাঙ্চার এবং প্রয়োজনীয় স্থানে সুপার এলিভেশন সঠিক রাখতে হবে। কম্প্যাকশনের সময় পরিমিত পরিমান পানি ব্যবহার করতে হবে।
০৭	Edging	<ul style="list-style-type: none"> 1st class standard size Bricks দ্বারা Edging করতে হবে। Edging (5 inch) এর ক্ষেত্রে অবশ্যই এলাইনমেন্ট সোজা রাখতে হবে। Edging এর নীচে অবশ্যই বালু ভরাট করে টপ লেভেল সমান রাখতে হবে। Edging এর ফাঁকা অংশ অবশ্যই বালু দ্বারা ভরাট করতে হবে।
০৮	ব্রিক ফ্লাট সলিং (Brick Flat Soling)	<ul style="list-style-type: none"> 1st class standard size Bricks দ্বারা BFS করতে হবে। সুপার এলিভেশন, ক্যাঙ্চার সঠিক রেখে এক স্তরে ১ম শ্রেণীর ইট বিছাতে হবে। সলিং এর ফাঁকা অংশ অবশ্যই বালু (0.50 FM) দ্বারা শক্তভাবে ভরাট করতে হবে।
০৯	হেরিং বোন বন্ড (SHBB)	<ul style="list-style-type: none"> 1st class standard size Bricks দ্বারা SHBB করতে হবে। সুপার এলিভেশন, ক্যাঙ্চার সঠিক রেখে এক স্তরে ১ম শ্রেণীর ইট দ্বারা এইচবিবি করতে হবে। সলিং এর ফাঁকা অংশ অবশ্যই (0.50 FM) বালু দ্বারা শক্তভাবে ভরাট করার পর এইচবিবি করতে হবে। সঠিকভাবে এইচবিবি করণ শেষে ২৫ মিমি (১ ইঞ্চি) (0.80 FM) এর বালু বিছাতে হবে। লক্ষ্য রাখতে হবে যেন এইচবিবি করার পর পরস্পর ইটের মাঝখানে কোনরূপ ফাঁকা না থাকে।

(Signature)

আইটেম নং	বিবরণ	নির্দেশনা
১০	Pre cast প্যালাসাইডিং	<ul style="list-style-type: none"> যেখানে প্যালাসাইডিং প্রয়োজন সেখানে যথাযথভাবে শিডিউল মোতাবেক প্যালাসাইডিং সম্পন্ন করতে হবে। ঢালাই কাজের অনুপাত ১:১.৫:৩ হবে। প্লেটের সাইজ ৩'-৬" x ২'-০" x ০'-৩" হবে পোস্টের সাইজ ০'-৬" x ০'-৬" সাইজের ৬'-০" দৈর্ঘ্যের হবে যার ২/৩ অংশ অর্থাৎ ৪'-০" পর্যন্ত আবশ্যিকভাবে ৩'-০" পর পর মাটির নীচে Drive করতে হবে। এবং প্রয়োজনীয় সংখ্যক নাট বোল্টের সাহায্যে স্থাপন করতে হবে। এ ধরনের কাজের ক্ষেত্রে কোন রূপ সমস্যা দেখা দিলে দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীর সাথে কাজ শুরুর পূর্বেই পরামর্শ করতে হবে।
১১	Bitumen drum sheet প্যালাসাইডিং	<ul style="list-style-type: none"> যেখানে প্যালাসাইডিং প্রয়োজন সেখানে যথাযথভাবে শিডিউল মোতাবেক প্যালাসাইডিং সম্পন্ন করতে হবে। (বিটুমিনের ড্রাম শীট ৬" ডায়া গজারী পোস্ট ৩'-০" পরপর মোট দৈর্ঘ্যের অর্ধেক মাটির নীচে Drive করতে হবে। ২" x ২" সাইজের শিল/মেহগনি গাছের বাতার সাহায্যে নাট বোল্টের মাধ্যমে আটকাতে হবে)
১২	RCC Name stand with Marble Stone	<ul style="list-style-type: none"> প্রকল্পের শুরুতে জনগনের দৃষ্টিগোচর হয় এমন স্থানে নামফলক স্থাপনের জন্য সরবরাহকৃত নকশা ও ডিজাইন অনুসরণ করে আরসিসি প্ল্যাটফর্ম তৈরীর কাজ সম্পন্ন করে কিউরিং করতে হবে। প্রকল্পের সমুদয় কাজ শেষে ২০" x ২০" আকারের মার্বেল পাথরে নামফলক স্থাপন করতে হবে। প্যাকেজের প্রতিটি অংশে রাস্তায় আলাদাভাবে নামফলক স্থাপন করতে হবে।
১৩	সাইনবোর্ড	<ul style="list-style-type: none"> প্রকল্পের প্রারম্ভিক স্থানে কাজ শুরুর পূর্বে আবশ্যিকভাবে ৫' x ৩' আকারের প্রকল্পের যাবতীয় তথ্য সংবলিত সাইনবোর্ড (সরবরাহকৃত নমুনা মোতাবেক) দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

বিশেষ দৃষ্টব্যঃ

- সরবরাহকৃত ড্রয়িং/ডিজাইন এবং সিডিউলের মধ্যে কোনরূপ তারতম্য বা অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে কাজ শুরুর পূর্বেই দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীর সাথে পরামর্শ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- প্রকল্পের প্রতিটি আইটেমের কাজ যথাযথ ভাবে ১০০% শেষ হয়েছে নিশ্চিত হওয়ার পর এবং ঘাসের চাশড়া সঠিকভাবে জন্মানো, সাইড স্লোপ, সোন্ডার, সম্পাদিত কাজের দৈর্ঘ্য-প্রস্থ সঠিকভাবে পরিমাপ করে চূড়ান্ত বিল প্রস্তুত করতে হবে। চূড়ান্ত বিলের ০২ সেট এবং প্যাকেজ ভিত্তিক সম্পূর্ণ প্রকল্পের ডিডিও চিত্রের সফট কপি প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।



(মোঃ ইউছুফ আলী)

(যুগ্ম-সচিব)

প্রকল্প পরিচালক (অতিঃদাঃ)

'হেরিং বোন বন্ড (এইচবিবি)' প্রকল্প

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।